যায়যায়দিন

তারিখ ... 17 MAY 2005 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# দাওয়ায়ে হাদিসকে এমএ ডিগ্রির মান দেয়ার দাবি

যাযাদি রিপোর্ট

কওমি মাদ্রাসার ইতিহাস-ঐতিহ্য অটুট রেখে পাঠ্যসূচিতে কোনো পরিবর্তন না এনে দাওয়ায়ে হাদিসকে এমএ ডিগ্রির মান দেয়ার দাবি জানিয়েছে সম্মিলিত কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ড। ঢাকার ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে রোববার চারটি কওমি মাদ্রাসা বোর্ড নিয়ে গঠিত সম্মিলিত কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের জাতীয় সেমিনারে বক্তারা এ দাবি জানান। এ সময় জাতীয় শিক্ষা কমিশনে কওমি ওলামাদের অন্তর্ভুক্তি করে কুদরত-এ-খুদা ও শামসুল হক শিক্ষা নীতিতে ইসলামবিরোধী বিষয় রয়েছে বলে তারা অভিযোগ করেন এবং তা সংশোধনের দাবি জানান। সেমিনারে মুফতি আবদুর রহমানের সভাপতিত্বে মূল প্রবন্ধ পাঠ করেন মাওলানা কাজী ফজলুল করিম এবং ঘোষণাপত্র পাঠ করেন মুফতি মীযানুর রহমান সাঈদ। সভাপতির বক্তব্যে মুফতি আবদুর রহমান বলেন, সরকার যদি কওমি মাদ্রাসার নীতি-আদর্শ অক্ষুণ্ণ রাখতে কোনো পদক্ষেপ নেয় তবে কওমি মাদ্রাসাগুলো সরকারকে সহযোগিতা করবে। মাদ্রাসাগুলোকে এমপিওভুক্তির সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তিনি বলেন, কওমি মাদ্রাসা কখনো এমপিওভুক্ত হবে না। সরকার যদি কওমি মাদ্রাসার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে চায় তবে তা মেনে নেয়া হবে না বলে উল্লেখ করেন তারা।